ইতকান ইন্টারন্যাশনাল স্কুল
মালঞ্চ(মেন্দীবাগ), মানিকগঞ্জ -১৮০০
গভ: ইএমআইএস: ৩০৯০১০১১৫
সিরিয়াল নং: ৫৯
টিসি নং: ০৬

পরিচালকের কার্যালয়
প্রধান ক্যাম্পাস
ওয়েব: www.itqanschool.com
ই-মেইল: info@itqanschool.com
মোবাঃ ০৯৬৭৮২২১০১৯

স্মারক: ইইস/বন/২০২১/৮৪

তারিখ : ১০ / রবি:সানি / ১৪৪৩ হিঃ
১৬ / নভেম্বর / ২০২১ ইং
০১ / অগ্রাহায়ণ / ১৪২৮ বঙ্গাব্দ

# সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২২ শিক্ষাবর্ষে ভর্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অত্র স্কুলের ৫ম শ্রেণির শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি মাধ্যমিক স্কুলে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আগামী ২৫ নভেম্বর ২০২১ থেকে ৮ ডিসেম্বর ২০২১ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। একজন শিক্ষার্থী থানা ভিত্তিক সবোর্চ্চ ৫টি স্কুল নির্বাচন করতে পারবেন।

সরকারি স্কুলে আবেদনের জন্য শিক্ষার্থীদের স্কুল ড্রেস পরিহিত ২ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি, পিতা বা মাতার সচল ফোন নম্বর ও বিদ্যালয়ের তালিকা লিখিত ভাবে আগামী ২৮ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে স্কুলে জমা দেওয়ার জন্য বলা হলো। প্রকাশি

১৫ ডিসেম্বর ২০২১ তারিখ সারাদেশে একযোগে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

বিঃদ্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি এতদ্বসংগে সংযুক্ত করা হলো।

ডেজিকনেটেড অফিসার (ডিও)
ইতকান ইন্টারন্যাশনাল স্কুল

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

০১. চেয়ারম্যান, ইতকান ইন্টান্যাশনাল স্কুল
০২. পরিচালক (প্রশাসন)
০৩. সভাপতি/ সাধারণ সম্পাদক, অভিভাবক সমন্বয় কমিটি
০৪. কনভেনার (সকল শিক্ষার্থী ও অভিভাবকদের অবগতির জন্য)
০৫. শিক্ষক (সকল)
০৬. আইটি বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
০৭. দপ্তর কপি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১. ১৩৭১

তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.

# সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২২ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অন-লাইনে http://gsa.teletalk.com.bd এই ঠিকানায় পাওয়া যাবে। অন-লাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া ২৫/১১/২০২১ খ্রি. সকাল ১১:০০ টা হতে শুরু হয়ে ০৮/১২/২০২১ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে। ২০২২ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

উল্লেখ্য, ঢাকা মহানগরীর ৪৪ টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় (৩টি ফিডার শাখাসহ) ৩টি ভিন্ন গ্রুপে বিভক্ত থাকবে। আবেদনের সময় একজন প্রার্থী একই গ্রুপে পছন্দের ক্রমানুসারে সর্বাধিক ৫টি বিদ্যালয় নির্বাচন করতে পারবে। এছাড়াও সারাদেশে আবেদনকারীরা আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে থানা ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পাবেন। এক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে প্রতিটি আবেদনে সর্বোচ্চ ৫টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে পারবে। উল্লেখ্য, ডাবল শিফটের প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভয় শিফট পছন্দ করলে দুটি পছন্দক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না। **২০২২ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠেয় ডিজিটাল লটারি কার্যক্রমে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের বাইরের প্রতিষ্ঠানগুলোকেও স্ব স্ব ভর্তি কমিটির মাধ্যমে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন সম্পন্ন করতে হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে স্ব স্ব ভর্তি কমিটির উপস্থিতিতে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া নিস্পন্ন করা ব্যতিত অন্য কোন পরীক্ষা গ্রহণ করা যাবে না।**

এছাড়া, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীগণের ভর্তির উপযুক্ত সন্তান সংখ্যার সমসংখ্যক আসন ঐ প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে তাঁদের অন-লাইনে আবেদন করার প্রয়োজন নেই। উল্লেখ্য, শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী সরকারি মাধ্যমিক বালক বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালিকা হলে পার্শ্ববর্তী সরকারি বালিকা বিদ্যালয়ে আসন সংরক্ষিত রাখতে হবে। একইভাবে শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালক হলে পার্শ্ববর্তী সরকারি বালক বিদ্যালয়ে আসন সংরক্ষিত রাখতে হবে। অর্থাৎ সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকাদের সন্তান ভর্তির যে ২% কোটা নীতিমালায় সংরক্ষিত ছিল তা তুলে দেওয়া হয়েছে।

সারাদেশে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন আগামী ১৫/১২/২০২১ খ্রি. অন-লাইনের মাধ্যমে অনুষ্ঠিত হবে। অন-লাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি www.dshe.gov.bd এর secondary circular/order ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৬.১১.২০২১

(মোহাম্মদ আজিজ উদ্দিন)
উপপরিচালক (মাধ্যমিক)
ও
সদস্য সচিব
ঢাকা মহানগরী সরকারি মাধ্যমিক বিদ্যালয়
ভর্তি কমিটি
ফোন : ০২-৪১০৫০২৮৩
dd-sec@dshe.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১. ১৬৭৯ তারিখ:১৬/১১/২০২১ খ্রি.

# সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২২ শিক্ষাবর্ষে অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ২০২২ শিক্ষাবর্ষে বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে Web ও SMS এর মাধ্যমে ভর্তির আবেদনপত্র পূরণ ও ফি প্রদান করা সংক্রান্ত নিয়মাবলী।**

**০১। আবেদন ফরম পূরণ:** ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী http://gsa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও Teletalk Pre-paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

**০২। আবেদন দাখিলের সময়সীমা:**

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ: ২৫/১১/২০২১ খ্রি. সকাল ১১:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ০৮/১২/২০২১ খ্রি. বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit করে User ID পাবেন। প্রাপ্ত User ID ব্যবহার করে Teletalk Pre-paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ০৮/১২/২০২১ খ্রি. বিকাল ০৫:০০ টার মধ্যে শুধু User ID প্রাপ্ত শিক্ষার্থীগণ ০৮/১২/২০২১ দিবাগত রাত ১২:০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।

**❑ Web Application Form পূরণ এর নিয়মাবলী:**

১। http://gsa.teletalk.com.bd ওয়েবসাইটে Browse করে আবেদনপত্র পূরণ ও Submit করতে পারবেন।

২। Online-এ আবেদনপত্রের নির্দেশনা মতে প্রার্থী তার সকল তথ্য পূরণ করবেন। যে সকল প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবেন তাদের কোটার বিষয়টি অবশ্যই উল্লেখ করতে হবে। অন্যথায় কোটা বিবেচনা করা সম্ভব হবে না।

৩। Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে JPEG ফরমেটে নির্ধারিত স্থানে Upload করবেন।

৪। Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID- সহ ছবি Applicant's copy পাবেন।

৫। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি ভর্তি সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৬। Online-এ আবেদনপত্রে সরবরাহকৃত বাছাইকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই সরবরাহকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**❑ SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলী:**

১। Applicant's কপিতে প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বর হতে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ প্রতিটি Application এর জন্য ১১০/- টাকা জমা দিবেন।

২। প্রথম SMS: GSA<space>User ID (Web Application হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে 16222 নম্বরে

উদাহরণ: GSA<space>ABCDEF লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*ফিরতি SMS এ শিক্ষার্থীর নামসহ একটি PIN নম্বর পাওয়া যাবে । যা ব্যবহার করে দ্বিতীয় SMS-টি করতে হবে।

৩। দ্বিতীয় SMS: GSA<space>YES<space>PIN (প্রথম SMS হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উদাহরণ : GSA<space>yes<space>123456 লিখে Send করতে হবে 16222 নম্বরে।

- এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এর আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও ভর্তির আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না।
- স্কুল ভর্তি কার্যক্রম সম্পাদন ও এ সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের জন্য অন্যের উপর নির্ভরশীল না হয়ে নিজেই প্রক্রিয়াটি সম্পন্ন করতে একটি টেলিটক প্রি-পেইড সীম সংরক্ষণ করুন।
- Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে ভর্তি সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং SMS- এর মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

☐ **User ID এবং PIN পুনরুদ্ধার পদ্ধতি:**

কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

১। User ID জানা থাকলে GSA<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: GSA Help User ABCDEF & Send to 16222

২। PIN Number জানা থাকলে GSA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: GSA Help PIN 1234567 & send to 16222

☐ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট জেলা ও উপজেলা ভর্তি কমিটি/প্রধান শিক্ষকের নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

☐ **সংশ্লিষ্ট জেলা/উপজেলা ভর্তি কমিটির সদস্য সচিব/প্রতিষ্ঠান প্রধানদের করণীয়:** ভর্তি কমিটির সভাপতির সাথে আলোচনাক্রমে কমিটির সভা আহবান করে আবেদন ফরম পূরণ/জমার সময়সীমা; শূন্য আসন নির্ধারণ পূর্বক প্রতিষ্ঠান প্রধানদের মোবাইলে টেলিটক কর্তৃক SMS এ প্রেরিত EIIN এবং Password এর মাধ্যমে **http://gsa.teletalk.com.bd** website-এ School/Authority তে login করে বিদ্যালয়সমূহের শিফট ও শ্রেণি ভিত্তিক শূন্য আসন সংখ্যা, বালক/বালিকা/সহশিক্ষাসহ অন্যান্য সকল তথ্য সঠিকভাবে পূরণ করবেন।

☐ Login করার পর স্কুলের ভর্তি সংক্রান্ত তথ্য ইনপুট দেয়ার পর সেভ করে 'Summary' বাটনে ক্লিক করলে পূরণকৃত সকল তথ্য প্রদর্শিত হবে যা প্রিন্ট করে রাখা যাবে। কোনো তথ্য পরিবর্তনের প্রয়োজন হলে পুনরায় সঠিক তথ্য সেভ করে পুনরায় 'Summary' বাটনে ক্লিক করে তথ্যের প্রিন্ট কপি সংরক্ষণ করুন।

১৬.১১.২০২২

(মোহাম্মদ আজিজ উদ্দিন)
উপপরিচালক (মাধ্যমিক)
ও
সদস্য সচিব
ঢাকা মহানগরী সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি কমিটি
ফোন : ০২-৪১০৫০২৮৩
dd-sec@dshe.gov.bd